i. গীতগোবিন্দ ii. পানদূত iii. সদুক্তিকর্ণামৃত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৯ ও ১০ : মধ্যযুগ ও আধুনিক যুগে বাংলাদেশ

➡ বোর্ড বই, পৃষ্ঠা–৯

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪৫. মধ্যযুগের সূচনা হয় কাদের মাধ্যমে? (জ্ঞান)
● মুসলমানদের শাসন ক্ষমতা খ হিন্দুদের শাসন ক্ষমতা
গ ইংরেজদের শাসন ক্ষমতা ঘ বৌদ্ধদের শাসন ক্ষমতা

১৪৬. রাজা লক্ষণ সেন কত খ্রিষ্টাব্দে পরাজিত হন? (জ্ঞান)
ক ১২০০ ● ১২০৪ গ ১২০৮ ঘ ১২১২

১৪৭. ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খলজি কাকে পরাজিত করেন? (জ্ঞান)
ক গোপাল খ ধর্মপাল গ রামপাল ● লক্ষণ সেন

১৪৮. সুলতানরা ধন–সম্পদে ভরা দিল্লির বিরুদ্ধে কী ঘোষণা করলেন? (অনুধাবন)
ক যুদ্ধ ● স্বাধীনতা গ অপপ্রচার ঘ অন্য একটি রাজধানী

১৪৯. রফিক দিল্লির সুলতানি শাসনের অবসানের কথা বললেন। সেটি কত খ্রিষ্টাব্দে হয়েছিল? (প্রয়োগ)
● ১৫২৬ খ ১৫১৬ গ ১৪২৬ ঘ ১৪২৮

১৫০. মোঘলরা কাদের পরাজিত করে ভারতে শাসন পরিচালনা করে? (উচ্চতর দক্ষতা)
ক তুর্কি ● সুলতানি গ মারাঠা ঘ সেন বংশ

১৫১. আফগানিদের জমিদারি ছিল কোন এলাকায়? (জ্ঞান)
ক 'গুজরাটে খ কাবুলে গ ঢাকায় ● বিহারে

১৫২. মোঘলদের হাত থেকে বাংলাদেশকে রক্ষা করেন কে? (জ্ঞান)
ক ঈসা খাঁ খ শেরশাহ ● শের খান শূর ঘ শায়েস্তা খাঁ

১৫৩. ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষক বললেন এক সময় বাংলাদেশের বড় বড় জমিদারদের একটি নামে ডাকা হতো। সেটি কী? (জ্ঞান)
ক বড় লোক খ ধনাঢ্য ● বারভূঁইয়া ঘ শাহু

১৫৪. ১৬১০ সালে বাংলাদেশ কোন সম্রাটের অধীনে আসে? (অনুধাবন)
● জাহাঙ্গীর খ আকবর গ শেরশাহ ঘ মজনুশাহ

১৫৫. বাংলাদেশ ১৬১০–১৭৫৭ সাল পর্যন্ত কাদের অধীনে ছিল? (জ্ঞান)
ক মারাঠা ● মোগল গ পাল ঘ সেন

১৫৬. সন্ধ্যা ৭ টার সংবাদে একদা বলা হলো আমাদের বাংলাদেশে সুলতানি যুগ থেকে মোঘল শাসন আমলের পূর্বে একটি যুগ খুব পরিচিতি ছিল। কোন যুগের কথা বলা হয়েছে? (উচ্চতর দক্ষতা)
● মধ্যযুগ ⓑ প্রাচীন যুগ ⓖ আধুনিক যুগ ⓓ ডিজিটাল যুগ

১৫৭. ইংরেজরা কোন শাসনের অবসান ঘটিয়ে ক্ষমতায় বসে? (অনুধাবন)
ⓚ হিন্দু ⓑ মোঘল ● মুসলমান ⓓ ব্রাহ্মণ

১৫৮. ভারত উপমহাদেশে কারা প্রায় ২০০ বছর শাসন করেছিল? (জ্ঞান)
ⓚ মোঘল ⓑ মুসলমান ● ইংরেজ ⓓ সেন

১৫৯. ইংরেজ বণিকরা প্রথম ১০০ বছর কী নামে পরিচিত ছিল? (অনুধাবন)
● ইস্ট ইন্ডিয়া কোম্পানি ⓑ বেঙ্গল কোম্পানি
ⓖ রয়েল কোম্পানি ⓓ ডাচ কোম্পানি

১৬০. সাঈদ সাহেব তার নাতিকে বলল, আমাদের দেশ থেকে ১৯৪৭ সালে একটি বণিক গোষ্ঠী চলে যায়। তিনি কোন বণিকদের কথা বলেছেন? (প্রয়োগ)
ⓚ মারাঠা ⓑ মোঘল ⓖ তুর্কি ● ইংরেজ

১৬১. কত সালে পাকিস্তান স্বাধীন হয়? (উচ্চতর দক্ষতা)
● ১৯৪৭ ⓑ ১৯৪৯ ⓖ ১৯৬৯ ⓓ ১৯৭১

১৬২. বাংলাদেশ ১৯৫২ সালে কী নামে পরিচিতি ছিল? (উচ্চতর দক্ষতা)
● পূর্ব পাকিস্তান ⓑ পশ্চিম পাকিস্তান
ⓖ উত্তর পাকিস্তান ⓓ দক্ষিণ পাকিস্তান

১৬৩. তুমি বাংলাদেশে বাস কর। তোমার দেশ কত সালে স্বাধীন হয়? (প্রয়োগ)
ⓚ ১৯৫৭ ⓑ ১৯৪৯ ● ১৯৭১ ⓓ ১৯৮২

১৬৪. বাংলাদেশের বিজয় দিবস কবে? (অনুধাবন)
ⓚ ২১ ফেব্রুয়ারি ⓑ ৭ মার্চ ⓖ ২৬ মার্চ ● ১৬ ডিসেম্বর

১৬৫. বাংলাদেশের সাংবিধানিক নাম কী? (জ্ঞান)
ⓚ বাংলাদেশ ⓑ সাবাস বাংলাদেশ
● গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ⓓ সাংবিধানিক বাংলাদেশ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৬৬. ১২০৪ সালে রাজা লক্ষণ সেনকে পরাজিত করে ক্ষমতায় আসে– (অনুধাবন)
i. বখতিয়ার খলজি ii. তুর্কি মুসলমান
iii. সুলতানরা
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

১৬৭. মধ্যযুগে দিল্লি ছিল– (অনুধাবন)
i. রাজধানী ii. প্রদেশ iii. ধনসম্পদে ভরা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

১৬৮. মোঘলদের শাসনকাল ছিল– (অনুধাবন)
i. ১৬১০ ii. ১৭৫৭ iii. ১৮৫৭
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

১৬৯. ইংরেজ বণিকদের অন্তর্ভুক্ত ছিল– (প্রয়োগ)
i. নাথান কোম্পানি ii. ইস্ট ইন্ডিয়া কোম্পানি
iii. রানি ভিক্টোরিয়া
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

১৭০. পাকিস্তানের অন্তর্ভুক্ত ছিল– (অনুধাবন)
i. মধ্য পাকিস্তান ii. পূর্ব পাকিস্তান
iii. পশ্চিম পাকিস্তান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

১৭১. মুক্তিযুদ্ধের সমাপ্তি ঘটে – (প্রয়োগ)
i. পাকবাহিনীর পরাজয়ে ii. পাকবাহিনীর আত্মসমর্পণে
iii. পাকবাহিনীর মৃত্যুতে
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭২, ১৭৩ ও ১৭৪ নং প্রশ্নের উত্তর দাও :**
মুক্তিযোদ্ধা আকরাম হোসেন মুক্তিযুদ্ধের সময় তার যুদ্ধকালীন স্মৃতিচারণ করতে গিয়ে বলেন, যেখান থেকে নির্দেশনা পেয়ে যুদ্ধে গিয়েছিলাম আবার সেখানেই ১৬ ডিসেম্বর বিকাল পাঁচটায় ফিরে এলাম। জানতে পারলাম যুদ্ধের পরিসমাপ্তি ঘটেছে এবং পাকবাহিনী আত্মসমর্পণ করেছে।

১৭২. অনুচ্ছেদে আকরাম সাহেব ১৬ ডিসেম্বর বিকেল পাঁচটায় কোথায় গিয়েছিল? (প্রয়োগ)
ⓚ রমনা পার্কে ⓑ পল্টন ময়দানে
● রেসকোর্স ময়দানে ⓓ চন্দ্রিমা উদ্যানে

১৭৩. ১৬ ডিসেম্বর বিকেল পাচটার ঘোষণা– (উচ্চতর দক্ষতা)
i.যুদ্ধবিরতি ii. স্বাধীনতা অর্জন
iii. এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓑ i ও iii ⓖ i ও ii ⓓ i, ii ও iii

১৭৪. ১৬ ডিসেম্বর বিকাল পাঁচটার ঘোষণার ফলাফল– (উচ্চতর দক্ষতা)
i. অসহযোগ আন্দোলন ii. পাকবাহিনীর আত্মসমর্পণ
iii. পাকবাহিনীর সকল নৃশংসতার অবসান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓑ i ও ii ● ii ও iii ⓓ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** মুক্তিযুদ্ধের পটভূমি

আজগর আলী তার নাতিদের সাথে গল্প করতে গিয়ে বলেন, ১৯৪৭ সালে জন্ম নেয়া একটি রাষ্ট্রের কথা যে রাষ্ট্রটি দুটি প্রদেশে বিভক্ত থাকলেও একটি অপরটি কর্তৃক নানাভাবে শোষণ ও বঞ্চনার শিকার হতো। দীর্ঘদিন ধরে চলতে থাকা শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে শোষিত প্রদেশটির জনগণ আন্দোলন ও সংগ্রামে লিপ্ত হয়। যে আন্দোলনের সফল পরিণতি ঘটে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর।

ক. কাদেরকে বারভূঁইয়া বলা হতো? ১
খ. সেন যুগের সাহিত্যচর্চা সম্পর্কে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আজগর আলীর গল্পে পাঠ্যবইয়ের কোন ঘটনার পটভূমি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পটভূমির মূল নিয়ামকসমূহ তোমার পঠিত বিষয়ে আলোকে মূল্যায়ন কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর


**ক** বাংলাদেশের বড় বড় জমিদারদের বারভূঁইয়া বলা হতো।

**খ** প্রাচীনকালে সেন রাজাগণ রাজ্য বিস্তারের পাশাপাশি সাহিত্য রচনা ও বিদ্যাচর্চা করতেন। তারা পণ্ডিতগণকে সাহিত্য রচনায় উদ্বুদ্ধ করতেন। বলবাল সেন 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' রচনা করেন। সেনদের রাজসভায় পণ্ডিত, জ্ঞানী ও কবিদের সমাবেশ ঘটেছিল। শ্রীধর দাস মানুষের মুখে মুখে ছড়িয়ে থাকা কবিতা সংকলন করে নাম দেন 'সদুক্তিকর্ণামৃত'।

**গ** উদ্দীপকে আজগর আলীর গল্পে পাঠ্যবইয়ের মুক্তিযুদ্ধের পটভূমি ফুটে উঠেছে। ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়। পাকিস্তান রাষ্ট্রের মূল ক্ষমতা কেন্দ্রীভূত ছিল পশ্চিম পাকিস্তানের কাছে। জনগণের দিক থেকে সংখ্যাগরিষ্ঠ হবার পরও পূর্ব পাকিস্তান পশ্চিম পাকিস্তান কর্তৃক শোষণের স্বীকার হয়। ১৯৬৬ সালে লাহোরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তার ঐতিহাসিক ৬ দফা দাবি তুলে ধরেন। উদ্দীপকের আজগর আলীর গল্পে পাঠ্যবইয়ের এ ঘটনার প্রতিই ইঙ্গিত করা হয়েছে যে, ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ বিপুল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করার পরও তৎকালীন পশ্চিম পাকিস্তান সরকার আওয়ামী লীগের হাতে ক্ষমতা হস্তান্তর করেনি। জনগণের নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর করার জন্য পূর্ব পাকিস্তানের ছাত্রসমাজ আওয়ামী লীগের নেতৃত্বে অসহযোগ আন্দোলন শুরু করে। উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ মার্চ ঐতিহাসিক ভাষণ দেন। ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী গণহত্যা চালায়। ২৬ মার্চ প্রথম প্রহরে বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণার মধ্য দিয়ে নয় মাস ব্যাপি মুক্তিযুদ্ধের সূচনা ঘটে।

**ঘ** বাংলাদেশের মুক্তিযুদ্ধ সংগঠিত হবার পেছনে অনেক নিয়ামক কাজ করেছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এসব নিয়ামকসমূহ বাঙালিদের মুক্তি সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার অনুপ্রেরণা যুগিয়েছে। পশ্চিম পাকিস্তান পূর্ব পাকিস্তানকে অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক ক্ষেত্রে নানাভাবে বঞ্চিত করে। এই বঞ্চনার স্বীকার হয়ে পূর্ব পাকিস্তানের জনগণ তাদের স্বায়ত্ত্বশাসনের জন্য আন্দোলন শুরু করে এবং বিভিন্ন প্রস্তাবনার মাধ্যমে তাদের দাবি আদায়ে সোচ্চার হয়। আইয়ুব খানের স্বৈরশাসনের বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের জনগণ তীব্র আন্দোলন করে দেশকে স্বৈরশাসনমুক্ত করে গণতান্ত্রিক ধারা অব্যাহত রেখেছিল। ১৯৭০ সালের জাতীয় নির্বাচনে পূর্ব পাকিস্তানের রাজনৈতিক দল আওয়ামী লীগ সংখ্যাগরিষ্ঠ অর্জন করার পরও পশ্চিম পাকিস্তান ক্ষমতা হস্তান্তর করেনি। উক্ত ঘটনার প্রেক্ষিতে শুরু হয় অসহযোগ আন্দোলন। এরপর পশ্চিম পাকিস্তান পূর্ব পরিকল্পনা অনুযায়ী ২৫ মার্চ গণহত্যা চালায় যার সুস্পষ্ট ফলস্বরূ প মুক্তিযুদ্ধ শুরু হয়। উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায়, উলিরখিত বিভিন্ন নিয়ামকসমূহ মুক্তিযুদ্ধের পটভূমিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

**প্রশ্ন- ২** ▸▸ ২৫ মার্চের গণহত্যা ও আমাদের বিজয়



ক. আফগানদের নেতা কে ছিলেন? ১
খ. পালযুগের ধর্মীয় সম্প্রীতির ব্যাখ্যা দাও। ২
গ. দৃশ্যমান চিত্রটি কোন ঘটনার ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত ঘটনাটি বাঙালির স্বাধীনতার চেতনাকে বেগবান করেছিল" মতামত দাও। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** আফগানদের নেতা ছিলেন শেরখান শূর।

**খ** পাল সম্রাটগণ ছিলেন বৌদ্ধধর্মের অনুসারী। কিন্তু প্রজাগণের অধিকাংশ ছিলেন ব্রাহ্মণ ধর্মমতের। সম্রাট ধর্মপাল ধর্মীয় সম্প্রীতির নীতি গ্রহণ করেছিলেন। ব্রাহ্মণদের তিনি রাজ্যের উচ্চপদে অধিষ্ঠিত করেছেন। তৎকালীন একাধিক তাম্রশাসনে ব্রাহ্মণ্য মন্দিরে ভূমিদান করেন পাল রাজারা। ব্রাহ্মণ ও বৌদ্ধদের মধ্যে কোনো ভেদাভেদ ছিল না। ধর্মীয় সম্প্রীতি পালযুগে প্রধান বৈশিষ্ট্য হিসেবে চিহ্নিত হয়।

**গ** দৃশ্যমান চিত্রটি ২৫ মার্চ কালরাত্রির গণহত্যার ঘটনা নির্দেশ করে। ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানি হানাদার বাহিনী ঘুমন্ত বাঙালিদের ওপর ভারি অস্ত্র ও ট্যাংক নিয়ে ঝাঁপিয়ে পড়ে। সেদিন রাত্রে হানাদার বাহিনী নির্বিচারে গণহত্যা চালায়। এই গণহত্যার নাম দেয়া হয় 'অপারেশন সার্চলাইট'। অপারেশনের অংশ হিসেবে পাকবাহিনী ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে আক্রমণ চালিয়ে অনেক ঘুমন্ত ছাত্র শিক্ষককে হত্যা করে। পাকবাহিনী সারাদেশে সেনানিবাস, ইপিআর ঘাটিতে আক্রমণ চালিয়ে অনেক বাঙালি সেনাকে হত্যা করে। সেদিন শুধুমাত্র ঢাকাতে ৭ থেকে ৮ হাজার নিরীহ মানুষ নিহত হয়। দৃশ্যমান চিত্রে দেখা যাচ্ছে মানুষের লাশের স্তুপ। যা ১৯৭১ এর ২৫ মার্চের গণহত্যাকে নির্দেশ করে।

**ঘ** উক্ত ঘটনাটি অর্থাৎ ২৫ মার্চের গণহত্যার চূড়ান্ত পরিণতি হলো স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়। ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়ে একটি বার্তা সারাদেশে পাঠিয়ে দেন। তাঁর এই স্বাধীনতার ঘোষণা ওয়ারলেসের মাধ্যমে প্রচার করা হয়। স্বাধীনতা ঘোষণার পরপরই তিনি পাকিস্তানি সেনাবাহিনীর হাতে গ্রেফতার হন। এরপর থেকেই বাঙালি সেনা ও জনতা দ্রুত সংগঠিত হয়ে মুক্তিযুদ্ধ শুরু করে। এদেশের কৃষক-শ্রমিক-ছাত্র জনতা সর্বস্তরের মানুষ মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। মুজিবনগর সরকার সারাদেশকে ১১টি সেক্টরে ভাগ করে এবং প্রতিটি সেক্টরে একজন সেক্টর কমান্ডার নিয়োগ করে। বিশ্ব জনমত সৃষ্টি ও যৌথ বাহিনী গঠনসহ মুজিব নগর সরকারের নানা কর্মকান্ড বাংলাদেশের অভ্যুদয় ও চূড়ান্ত বিজয়ে ভূমিকা রাখে। অনেক রক্ত ও আত্মত্যাগের বিনিময়ে আমরা ১৬ ডিসেম্বর বিজয় অর্জন করি। সেদিন প্রায় তিরানব্বই হাজার পাকিস্তানি সৈন্য ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে আত্মসমর্পণ করে। উপরিউক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বলা যায়, ২৫ মার্চের গণহত্যা এদেশের মানুষকে স্বাধীনতার চেতনায় উজ্জীবিত করে।

**প্রশ্ন- ৩** ▸▸ বাংলাদেশের মানব বসতি

আব্দুস সাত্তার নরসিংদীতে তার বন্ধু সাদ্দামের বাড়িতে বেড়াতে যায়। সেখানে গ্রাম ঘুরে দেখতে গিয়ে সে তাম্র ও প্রস্তর যুগের গর্ত বসতির চিহ্ন লক্ষ করল। এ ব্যাপারে সে সাদ্দামকে জিজ্ঞাসা করলে সে বলল, গুপ্ত যুগ সম্পর্কে পঠন পাঠনের মাধ্যমে তুমি এ ব্যাপারে সঠিক ধারণা লাভ করতে পার।

ক. বাংলাদেশে মুসলিম শাসনের সূত্রপাত করেন কে? ১
খ. গুপ্ত পরবর্তী যুগ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আব্দুস সাত্তার পাঠ্যবইয়ের কোন বিষয়টি সম্পর্কে ধারণা পেল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয় সম্পর্কে সাদ্দামের শেষোক্ত বক্তব্যটি কি যথার্থ? যুক্তি দাও। ৪

**ক** ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বখতিয়ার খলজি বাংলাদেশে মুসলিম শাসনের সূত্রপাত করেন।

**খ** গুপ্ত শাসনের শেষের দিকে বাংলাদেশে অনেক রাজার নাম পাওয়া যায় যা পরবর্তী গুপ্ত নামে পরিচিত। সপ্তম শতকে শশাঙ্ক নামে এক শাসকের পরিচয় পাওয়া যায়। তিনি গৌড়ের প্রথম স্বাধীন শাসক ছিলেন। রাজা শশাঙ্কের মৃত্যুর পর প্রায় একশ বছর প্রাচীন বাংলাদেশের কোনো স্থায়ী শাসকের তথ্য পাওয়া যায়নি। শাসকের অভাবে ছোট ছোট রাজাগণ কলহ ও যুদ্ধে জড়িয়ে পড়ে।

**গ** উদ্দীপকে আব্দুস সাত্তার প্রাচীনকালে বাংলাদেশের মানববসতি সম্পর্কে ধারণা পায়। বর্তমানকালে নানাবিধ প্রত্নতাত্ত্বিক আবিষ্কারের মাধ্যমে বাংলাদেশের প্রাচীন মানব বসতি সম্পর্কে ধারণা লাভ করা যায়। তবে ভারতীয় উপমহাদেশের দ্বিতীয় নগরসভ্যতার নিদর্শন বগুড়ার বরেন্দ্রভূমি ও নরসিংদীর মধুপুর ভূমি উয়ারী–বটেশ্বরে

আবিষ্কৃত হয়েছে। প্রাগৈতিহাসিক যুগের হাতিয়ার যেমন পাথর ও কাঠের হাতকুঠার, কটালি, তীরের ফলক ইত্যাদি আবিষ্কৃত হয়েছে নরসিংদীর উয়ারী–বটেশ্বর হতে। প্রাচীনকালে এখানে যে মানববসতি ছিল আব্দুস সাত্তার সে বিষয়ে সুস্পষ্ট ধারণা লাভ করে।

**ঘ** উক্ত বিষয় অর্থাৎ মানব বসতি সম্পর্কে সাদ্দামের শেষোক্ত বক্তব্যটি যথার্থ। কারণ বাংলাদেশের বিস্তারিত ইতিহাস জানা যায় গুপ্ত যুগ থেকে। বাংলাদেশের উত্তরাংশে পুন্ড্রবর্ধন ভূক্তি নামে একটি প্রদেশ গুপ্তদের শাসনাভুক্ত ছিল। বাংলাদেশ তখন পুন্ড্রবর্ধন, বঙ্গ, সমতট, গৌড়, বরেন্দ্র, হরিকেল প্রভৃতি জনপদ নামে পরিচিত ছিল। এসমস্ত জনপদ সম্পর্কে বিস্তারিত আলোচনার মাধ্যমেই প্রাচীনকালে মানুষের বসতি সম্পর্কে জানা যায়। গুপ্ত যুগে শশাঙ্ক নামে এক শাসকের পরিচয় পাওয়া যায়। তিনি গৌড় জনপদের শাসক ছিলেন। গুপ্ত যুগের রাজা ও জনপদের সম্পর্কে ধারণা লাভের মাধ্যমে বাংলাদেশের প্রাচীন মানব বসতি সম্পর্কে ধারণা লাভ করা সম্ভব। তাই উদ্দীপকে সাদ্দাম গুপ্ত যুগ সম্পর্কে পঠন পাঠনের মাধ্যমে উক্ত বিষয় সম্পর্কে ধারণা লাভ করতে পারবে বলে উক্তি করে।

**প্রশ্ন- ৪** ▶▶ পাল রাজবংশ

সোনাপুর অঞ্চলের শেষ স্বাধীন শাসকের মৃত্যুর পর প্রায় একশ বছর এ অঞ্চলে কোনো স্থায়ী শাসক ছিল না। সোনাপুরের জনগণ এক ব্যক্তিকে শাসক হিসেবে নির্বাচন করে এবং তার বংশধররাই দীর্ঘদিন যাবত সোনাপুর শাসন করেন। এই রাজবংশের শাসনামলেই দিব্য এর নেতৃত্বে একটি বিদ্রোহ সংঘটিত হয়।[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

ক. ‘সদুক্তিকর্ণামৃত’ বইটি কে সংকলন করেন? ১
খ. অস্থায়ী সরকার কেন গঠন করা হয়? ২
গ. উদ্দীপকে কোন রাজ বংশ প্রতিষ্ঠার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত রাজবংশের সংগঠিত বিদ্রোহের ঘটনা পাঠ্যপুস্তকের আলোকে আলোচনা কর। ৪

**ক** শ্রীধর দাস।

**খ** মুক্তিযুদ্ধ সঠিকভাবে পরিচালনা করার জন্য ১০ এপ্রিল ১৯৭১ সালে তৎকালীন মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় অস্থায়ী সরকার গঠন করা হয়। মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য এ সরকার পুরো দেশকে ১১টি সেক্টরে ভাগ করে প্রতি সেক্টরে কমান্ডার নিয়োগ করে। অস্থায়ী সরকার মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। বিশ্বে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত সৃষ্টি করা ছিল অস্থায়ী সরকারের প্রধান কাজ।

**গ** উদ্দীপকে পাল রাজবংশ প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। রাজা শশাঙ্কের মৃত্যুর পর প্রায় একশ বছর প্রাচীন বাংলাদেশে কোনো স্থায়ী শাসকের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি। ফলে অঞ্চলগুলো নিজেদের মধ্যে কলহ ও যুদ্ধে জড়িয়ে পড়ে। অবশেষে পাল বংশের প্রতিষ্ঠাতা গোপাল শতবর্ষ ব্যাপি কলহ, নৈরাজ্য ও হানাহানির অবসান ঘটিয়ে বরেন্দ্র (গৌড়)–এর সিংহাসনে বসেন। কথিত আছে যে, প্রজাদের প্রতিনিধি বা কর্মচারীদের প্রতিনিধিরাই গোপালকে নির্বাচন করে। অপর একটি মত আছে যে, সামন্তরা গোপালকে ক্ষমতায় বসায়। গোপাল যোগ্য শাসকের পরিচয় দেন। ধর্মপাল ও দেবপাল এ বংশের বিখ্যাত শাসক ছিলেন। পাল বংশের দীর্ঘ শাসনামলে বাংলাদেশের অর্থনীতি, স্থাপত্য, চিত্রশিল্প ও শিল্পকলাসহ অন্যান্য অনেক ক্ষেত্রে উৎকর্ষ অর্জন করে। পালবংশ বাংলাদেশের প্রথম দীর্ঘস্থায়ী রাজবংশ। দীর্ঘ ৪০০ বছর তারা বাংলাদেশ শাসন করেন।

**ঘ** উক্ত রাজবংশ তথা পাল রাজবংশ ইতিহাসে একটি গুরবত্বপূর্ণ রাজবংশ হিসেবে পরিচিত। দীর্ঘকাল ব্যাপী শাসনকালে পাল রাজাদের মধ্যে অনেকেই দক্ষতা ও বিচক্ষণতার পরিচয় দিয়েছেন। আবার কতিপয় শাসকগণ তাদের অযোগ্যতা ও অদক্ষতার কারণে সাময়িক ক্ষমতাচ্যুতও হয়েছেন। ইতিহাসের দিকে ফিরে তাকালে দেখা যায় রাজা দ্বিতীয় মহীপাল এর শাসনামলে রাজ্যে বিদ্রোহের ঘটনা ঘটে। উত্তরাধিকার নিয়ে ভ্রাতৃকলহে লিপ্ত থাকার দরুণ তিনি দুর্বল হয়ে পড়েন। তার এই দুর্বলতার সুযোগ নেয় কৈবর্ত নামের জেলে সম্প্রদায়ের জনগণ। ১০৮০ খ্রিষ্টাব্দে দিব্য–এর নেতৃত্বে কৈবর্ত নামের ঐ জেলে সম্প্রদায়ের মানুষ সফল বিদ্রোহ করে রাজা দ্বিতীয় মহীপালকে পরাজিত করে সিংহাসন দখল করে। সিংহাসন দখল করলেও কৈবর্তরা বেশি দিন ক্ষমতায় টিকে থাকতে পারেনি। মহীপালের ভাই রামপাল সামন্তদের সাহায্যে ও সহযোগিতা নিয়ে কৈবর্ত শাসক ভীমকে এক ভয়াবহ যুদ্ধে পরাজিত ও হত্যা করে ১০৮২ খ্রিষ্টাব্দে বরেন্দ্র অঞ্চলে পাল শাসন পুনঃপ্রতিষ্ঠা করে। উদ্দীপকের ঘটনাটিও যেন ঐতিহাসিক কৈবর্ত বিদ্রোহের অনুরূ প একটি ঘটনা তা সন্দেহাতীতভাবেই প্রমাণিত হয়।

**প্রশ্ন- ৫** ▶▶ ভাষা, সাহিত্য ও শিক্ষা

ক. বাংলা ভাষার প্রাচীন নিদর্শন কোনটি? ১
খ. ২৫এ মার্চকে কালরাত বলা হয় কেন? ২
গ. ছক ক –এর ন্যায় প্রাচীন বাংলাদেশের গৌরবময় ক্ষেত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রদত্ত ছক খ–এ ইঙ্গিতকৃত বিষয়ের সাথে প্রাচীন বাংলার তুলনামূলক আলোচনা কর। ৪

**ক** বাংলা ভাষার প্রাচীন নিদর্শন হলো চর্যাপদ।

**খ** ১৯৭১ সালের ২৫এ মার্চ রাতে পাকিস্তানি বাহিনী নিরীহ, নিরস্ত্র মানুষের উপর ঝাঁপিয়ে পড়ে নির্বিচারে তাদেরকে হত্যা করে, সেদিন রাতে পাকবাহিনী রাজারবাগ পুলিশ লাইন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ইপিআর ও পিলখানায় হত্যাযজ্ঞ চালায়। সে রাতে সারাদেশের বিভিন্ন সেনানিবাসে হামলা চালিয়ে তারা অনেক বাঙালি সেনাদের হত্যা করে। শুধু ঢাকা শহরেই প্রায় সাত থেকে আট হাজার লোক প্রাণ হারায়। তাই ২৫এ মার্চকে কাল রাত বলা হয়।

**গ** উদ্দীপকে ছক–ক–এ বর্ণিত প্রতিষ্ঠানগুলো সাধারণত ভাষা ও সাহিত্য চর্চার কেন্দ্র। উক্ত প্রতিষ্ঠানগুলো ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে উপর্যুক্ত ব্যাখ্যা প্রদান করে। পাল ও সেন যুগের রাজারাও ভাষা পণ্ডিত ছিলেন এবং সাহিত্যচর্চা করতেন। তাদের প্রত্যেকের সভাকবি ছিল যারা সাহিত্য রচনা করতেন এবং রাজাদের সাহিত্য চর্চায় সহযোগিতা প্রদান করতেন। পালযুগে কবি সন্ধাকর নন্দী রচনা করেন ‘রামচরিত’। পাল আমলে রচিত হয় বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ। সেন রাজারাও বিদ্যাচর্চা ও সাহিত্য রচনা করেন। বলরাল সেন রচনা করেন ‘দান সাগর’ ও ‘অদ্ভুত সাগর’। লক্ষণ সেন ও পিতার অসমাপ্ত রচনা ‘অদ্ভুত সাগর’ সমাপ্ত করেন। সাধারণ মানুষের মুখে ছড়িয়ে থাকা কবিতা সেন যুগের শেষের দিকে শ্রীধর দাস সংকলন করে নাম দেন ‘সদুক্তিকর্ণামৃত’। আধুনিক উল্লিখিত ছক–ক এর মতো প্রাচীনকালেও ভাষা ও সাহিত্য চর্চায় রাজা, জ্ঞানীগুণী ও পণ্ডিতদের যথেষ্ঠ অবদান যা প্রাচীন বাংলাদেশের গৌরবময় ক্ষেত্র।

**ঘ** ছক–খ–এ উল্লিখিত প্রতিষ্ঠানগুলো হলো বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান যেখানে শিক্ষার্থীরা বিবিধ বিষয়ে উচ্চশিক্ষা লাভ করে। উক্ত প্রতিষ্ঠানগুলোতে ছাত্রছাত্রীরা আবাসিক হোস্টেলগুলোতে থেকে শিক্ষাগ্রহণ করে। এসব শিক্ষা প্রতিষ্ঠানে যারা শিক্ষাদান করেন তাদেরকে প্রভাষক, অধ্যাপক, আচার্য ও উপাচার্য নামে অভিহিত

করা হয়। বর্তমানকালে শিৰাব্যবস্থা ব্যাপক প্রসার লাভ করেছে। প্রাচীনকালে পালযুগে শিৰার ব্যাপক প্রসার লাভ করে। ঐ যুগের অনেক বৌদ্ধ বিহার বাংলাদেশে আবিষ্কৃত হয়েছে। বিহারগুলো ছিল এক একটি শিৰা প্রতিষ্ঠান যেখানে বৌদ্ধ ছাত্ররা পড়াশুনা করত। বিহারগুলোর শিৰকদের বলা হতো আচার্য বা ভিক্ষু। ছাত্রদের বলা হতো শ্রমন। বর্তমান যুগের আবাসিক বিশ্ববিদ্যালয়ের মতো বিহারেও ছাত্রদের থাকার ব্যবস্থা ছিল। প্রাচীন হিন্দুদের প্রাথমিক বিদ্যালয় ছিল তিন ধরনের। যেমন : গুরবগৃহ, চতুষ্পাঠী এবং পাঠশালা। রাজা, মন্ত্রী ও অভিজাত শ্রেণির ছেলেমেয়েরা গুরবগৃহে, ব্রাহ্মণ পরিবারে ছেলেমেয়েরা চুতষ্পাঠী এবং সাধারণ ঘরের ছেলেমেয়েরা পড়ত পাঠশালায়। চতুষ্পাঠীতে সংস্কৃত ভাষা শেখানো হতো যাতে তাদের টোলে উচ্চশিৰা গ্রহণে সুবিধা হয়। হিন্দুদের উচ্চশিৰা গ্রহণের স্থানকে বলা হতো টোল। উপরিউক্ত আলোচনার পরিপ্রেৰিতে বলা যায়, বর্তমানকালের শিৰাব্যবস্থা প্রাচীনকালের শিৰাব্যবস্থার সমন্বিত রূ প।

**প্রশ্ন- ৬ ▸▸** মধ্য ও আধুনিক যুগে বাংলাদেশ

ক. চতুর্দশ শতকে কোথায় পাল যুগের চিত্রশিল্পের প্রভাব লৰ করা যায়? ১
খ. সংস্কৃতি বলতে কী বোঝায়? ২
গ. শ্রেণিকৰে দৃশ্যমান বোর্ডে পার্ট–১ এ কোন যুগের বাংলাদেশ উপস্থাপিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শ্রেণিকৰের বোর্ডটিতে উলিরখিত যে যুগে তোমার অবস্থান সে যুগের পর্যায়ক্রমিক ধারা বিশেরষণ কর। ৪

**ক** চতুর্দশ শতকে নেপাল ও তিব্বতের চিত্রকলায় পাল যুগের চিত্রশিল্পের প্রভাব লৰ করা যায়।

**খ** সমাজবিজ্ঞানীদের মতে আমরা যা করি তাই সংস্কৃতি। মানুষের জীবনের সকল কিছুই সংস্কৃতির অংশ। জামাকাপড়, খাওয়া–দাওয়া, বাড়িঘর, তৈজসপত্র থেকে শুরব করে ধর্মকর্ম শিল্পসাহিত্য এ সবই সংস্কৃতির অংশ।

**গ** বোর্ডে দৃশ্যমান পাঠ–১ এ মধ্যযুগের বাংলাদেশ উপস্থাপিত হয়েছে। ১২০৪ সালে তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজি রাজা লৰণ সেনকে পরাজিত করে বাংলাদেশে মুসলিম শাসনের সূত্রপাত করেন। মুসলমানরা পুরো ভারতে শাসন প্রতিষ্ঠা করেন এবং দিলির ছিল তাদের রাজধানী। মুসলমান শাসকরা দিলিরর অধীনে না থেকে স্বাধীনভাবে পরিচালনার জন্য দিলিরর বিরবদ্ধে যুদ্ধ ঘোষণা করতেন। এ খবর দিলিরতে পৌছানো মাত্র বিদ্রোহীদের দমন করার জন্য সৈন্য পাঠানো হতো। এভাবে জয় ও পরাজয়ের মাধ্যমে এক সময় পুরো বাংলাদেশ স্বাধীন হয়। এ স্বাধীনতা প্রায় ২০০ বছর স্থায়ী হয়। ১৫২৬ খ্রিষ্টাব্দে দিলিরর সুলতানি শাসনের অবসান ঘটে এবং ভারত দখল করতে শুরব করে আরেকটি মুসলমান শক্তি যারা মোগল নামে পরিচিত। পরবর্তীতে আফগান বিখ্যাত নেতা শেরখান শূর মোগলদের থেকে বাংলাদেশ রৰা করেন। বাংলাদেশে স্বাধীন আফগান শাসন শুরব হয়। এই বারভূঁইয়ারা একজোট হয়ে মোগলদের হাত থেকে বাংলার স্বাধীনতা টিকিয়ে রেখেছিলেন। মোঘল সম্রাট জাহাঙ্গীরের সময় ১৬১০ খ্রিষ্টাব্দে বাংলাদেশ মোগলদের অধীনে আসে। মোগল শাসন ১৭৫৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত চলে। সুলতানি থেকে মোগল পর্ব পর্যন্ত বাংলাদেশে মুসলমানদের শাসনকাল মধ্যযুগ নামে পরিচিত।

**ঘ** শ্রেণিকৰে উলিরখিত যে যুগে আমার অবস্থান তা হলো আধুনিক যুগ। বাংলাদেশ প্রাচীনকাল হতে ভারত উপমহাদেশের অংশ। ১৭৫৭ সালে মুসলমান শাসকদের পরাজিত করে ভারত উপমহাদেশের শাসন ৰমতায় বসে ইংরেজরা। ১৭৫৭ সাল হতে ১৯৪৭ সাল পর্যন্ত প্রায় দু'শ বছর ইংরেজরা শাসন করে। এই বিদেশি শাসনকে মেনে নিতে পারেনি বাংলাদেশের মানুষ। তাই তারা বিভিন্ন পর্যায়ে ইংরেজ শাসনের বিরবদ্ধে আন্দোলন করে। শেষ পর্যন্ত ইংরেজরা ১৯৪৭ খ্রিষ্টাব্দে ভারত উপমহাদেশ ছেড়ে চলে যায়। এ সময় জন্ম হয় ভারত ও পাকিস্তান নামে দুইটি স্বাধীন রাষ্ট্র। পাকিস্তান ছিল দুইটি ভিন্ন অঞ্চল নিয়ে একটি বেমানান রাষ্ট্র। পশ্চিম অঞ্চলকে বলা হতো পশ্চিম পাকিস্তান আর পূর্ব অংশকে বলা হতো পূর্ব পাকিস্তান। পাকিস্তানের শাসন ৰমতা ছিল পশ্চিম পাকিস্তানের অবাঙালিদের হাতে। তারা নানাভাবে পূর্ব পাকিস্তানকে শাসন করে। স্বাধীনতা আদায়েরা লৰ্যে বাঙালিরা ঐক্যবদ্ধ হয় পাকিস্তানি শাসকদের বিরবদ্ধে। অবশেষে ১৯৭১ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ঝাঁপিয়ে পড়ে মুক্তিযুদ্ধে। দীর্ঘ নয়মাস রক্তৰয়ী যুদ্ধ করে ১৬ই ডিসেম্বর বাঙালি অর্জন করে স্বাধীনতা। জন্ম হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ নামে একটি স্বাধীন রাষ্ট্রের।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন- ৭ ▸▸** সেন রাজবংশ

'ক' নামক একটি জাতির লোকেরা চাকরি করার জন্য রূ পপুরে আসে। ধীরে ধীরে এ জাতি তাদের ৰমতা বৃদ্ধির মাধ্যমে রূ পপুরের রাজাকে পরাজিত করে শাসন ৰমতা নিজেদের করায়ত্ব করে। তারা প্রায় সমগ্র রূ পপুর নিজেদের শাসন প্রতিষ্ঠা করে এবং দীর্ঘদিন শাসন পরিচালনা করে।

ক. মুক্তিযুদ্ধে কারা অংশগ্রহণ করেছিলেন? ১
খ. কৈবর্ত বিদ্রোহের ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে কোন রাজবংশ প্রতিষ্ঠার ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে উক্ত রাজবংশের শাসনামল মূল পাঠের আলোকে বিশেরষণ কর। ৪

**ক** মুক্তিযুদ্ধে এদেশের কৃষক–শ্রমিক–ছাত্র–জনতাসহ সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করেছিল।

**খ** কৈবর্ত বলা হতো মূলত জেলে সম্প্রদায়কে। এগারো শতকের শেষ দিকে পালরাজা দ্বিতীয় মহীপালের বিরবদ্ধে ক্ষুব্ধ কৃষক আর জেলে সম্প্রদায়ের যে বিদ্রোহ করে সেটাই ইতিহাসে 'কৈবর্ত বিদ্রোহ' নামে পরিচিত।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** সেন রাজবংশ প্রতিষ্ঠার প্রেৰাপট ব্যাখ্যা কর।

**ঘ** বাংলাদেশে সেন রাজবংশের শাসনামল বিশেরষণ কর।

**প্রশ্ন- ৮ ▸▸** প্রাচীন বাংলা বিনোদন সংস্কৃতি ও স্থাপত্য

রিপা তার অধিকাংশ সময় ভিডিও গেমস খেলে সময় কাটায়। তার মা বিষয়টি লৰ করে তাকে বলল, আমাদের সময় আমরা নাচ, গান, মলরযুদ্ধ ও কুস্তি খেলা করতাম। চল পাহাড়পুর বৌদ্ধবিহার থেকে আমরা ঘুরে আসি।

ক. পাকিস্তান আমলে বাংলাদেশের নাম কী ছিল? ১
খ. সেন রাজত্বের অবদান সম্পর্কে আলোচনা কর। ২
গ. উদ্দীপকের রিপা ও তার মা সময়কার বিনোদন সংস্কৃতির পার্থক্য নিরূ পণ কর। ৩

পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।- আল-কুরআন।

# বিডি সাইন্স একাডেমী

বিষয়: বিজিএস, লেকচার শিট ▶ ১২

শ্রেণি-ষষ্ঠ

ঘ. রিপা ও তার মা বেড়াতে যাওয়া স্থানাটিতে কীসের পরিচয় পাওয়া যায়? বিশেরষণ কর। ৪

**ক** পাকিস্তান আমলে বাংলাদেশের নাম ছিল পূর্ব পাকিস্তান।

**খ** পাল রাজাদের দুর্বলতার সুযোগে সেনরা সিংহাসন দখল করে নিয়ে সেনরাজ্য প্রতিষ্ঠা করেছিলেন সামন্ত সেন। তারপর পর্যায়ক্রমে বাংলার রাজা ছিলেন বিজয় সেন, বলরাল সেন ও লৰণ সেন। কিন্তু ১২০৪ সনে তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজির আক্রমণে সেন রাজত্বের অবসান ঘটে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** প্রাচীন বাংলাদেশ বিনোদন সংস্কৃতি ব্যাখ্যা কর।

**ঘ** প্রাচীন বাংলাদেশের স্থাপত্য কীর্তির সম্পর্কে আলোচনা কর।

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশের যাত্রা শুরু হয় কখন থেকে?**
**উত্তর :** বাংলাদেশের যাত্রা শুরব হয় ১৯৭১ সাল থেকে।

**প্রশ্ন ॥ ২ ॥ পাকিস্তান রাষ্ট্রটি যে দুই ভাগে বিভক্ত ছিল তার নাম কী?**
**উত্তর :** পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তান।

**প্রশ্ন ॥ ৩ ॥ পাকিস্তান আমলে বাংলাদেশের নাম কী ছিল?**
**উত্তর :** পূর্ব পাকিস্তান।

**প্রশ্ন ॥ ৪ ॥ একতরফা ক্ষমতা ভোগ করে পাকিস্তানিরা কীসের ওপর আঘাত হানে?**
**উত্তর :** আমাদের অর্থনীতির ওপর।

**প্রশ্ন ॥ ৫ ॥ কার নেতৃত্বে বাঙালি জাতি ঐক্যবন্ধ হয়ে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত হয়ে উঠে?**
**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাঙালি জাতি ঐক্যবদ্ধ হয়ে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত হয়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৬ ॥ পাকিস্তানি সৈন্যরা নির্বিচারে গণহত্যা চালায় কখন?**
**উত্তর :** ১৯৭১ সালের ২৫এ মার্চ গভীর রাতে।

**প্রশ্ন ॥ ৭ ॥ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করেন কখন?**
**উত্তর :** ১৯৭১ সালের ২৫এ মার্চ মধ্যরাত শেষে অর্থাৎ ২৬এ মার্চ প্রথম প্রহরে।

**প্রশ্ন ॥ ৮ ॥ মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন?**
**উত্তর :** মুক্তিযুদ্ধের সময় বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে সৈয়দ নজরবল ইসলাম রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।

**প্রশ্ন ॥ ৯ ॥ মুক্তিযুদ্ধে কারা অংশগ্রহণ করেছিলেন?**
**উত্তর :** মুক্তিযুদ্ধে এদেশের কৃষক–শ্রমিক–ছাত্র–জনতাসহ সর্বস্তরের মানুষ অংশগ্রহণ করেছিল।

**প্রশ্ন ॥ ১০ ॥ মুক্তিযুদ্ধের সময় কোন দুটি দেশ বাংলাদেশের পাশে এসে দাঁড়ায়?**
**উত্তর :** ভারত ও সোভিয়েত ইউনিয়ন।

**প্রশ্ন ॥ ১১ ॥ ১৬ই ডিসেম্বর বাঙালি জাতি বিজয় অর্জন করেছে কীসের মাধ্যমে?**
**উত্তর :** অনেক রক্ত ও আত্মত্যাগের বিনিময়ে।

**প্রশ্ন ॥ ১২ ॥ কার নেতৃত্বে বাঙালি জাতি বাংলাদেশ নামক একটি স্বাধীন রাষ্ট্র অর্জন করে?**
**উত্তর :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাঙালি জাতি বাংলাদেশ নামক একটি স্বাধীন রাষ্ট্র অর্জন করে।

**প্রশ্ন ॥ ১৩ ॥ কখন থেকে বাংলাদেশে মানব বসতি ছিল?**
**উত্তর :** প্রাচীনকাল থেকে বাংলাদেশে মানব বসতি ছিল।

**প্রশ্ন ॥ ১৪ ॥ ভারত উপমহাদেশের প্রথম নগর সভ্যতার নাম কী?**
**উত্তর :** সিন্ধু সভ্যতা।

**প্রশ্ন ॥ ১৫ ॥ বাংলাদেশের সবচেয়ে পুরনো নগর সভ্যতার নিদর্শন কোথায় পাওয়া গেছে?**
**উত্তর :** বাংলাদেশের সবচেয়ে পুরনো নগরসভ্যতার নিদর্শন পাওয়া গেছে মহাস্থানগড় ও উয়ারী–বটেশ্বরে।

**প্রশ্ন ॥ ১৬ ॥ পুন্ড্রনগর গড়ে উঠেছিল কখন?**
**উত্তর :** খ্রিস্টপূর্ব চতুর্থ শতকে পুন্ড্রনগর গড়ে উঠেছিল।

**প্রশ্ন ॥ ১৭ ॥ বাংলাদেশের বিস্তারিত ইতিহাস জানা যায় কোন যুগ থেকে?**
**উত্তর :** বাংলাদেশের বিস্তারিত ইতিহাস জানা যায় গুপ্ত যুগ থেকে।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ আমাদের স্বাধীনতা যুদ্ধের কারণ ব্যাখ্যা কর।**
**উত্তর :** আমাদের এ দেশটি আগে পাকিস্তানের একটি অংশ ছিল। পাকিস্তানিরা দীর্ঘ তেইশ বছর ধরে এদেশের মানুষের ওপর অত্যাচার চালায়। তারা এ দেশের সম্পদ শোষণ করে। ভাষা ও সংস্কৃতির ওপর আক্রমণ করে। ন্যায্য অধিকার থেকে মানুষকে বঞ্চিত করে। এসব অন্যায়ের বিরবদ্ধে মানুষ আন্দোলন ও সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে। অবশেষে ১৯৭১ সালে এ আন্দোলন ও সংগ্রাম স্বাধীনতা যুদ্ধে রূ প নেয়।

**প্রশ্ন ॥ ২ ॥ প্রাচীনকাল থেকে বাংলায় কোন ধরনের অর্থনীতি গড়ে উঠেছিল?**

**উত্তর :** প্রাচীনকাল থেকে বাংলায় কৃষিভিত্তিক অর্থনীতি গড়ে উঠেছিল। কারণ প্রাচীন বাংলার অর্থনীতির প্রধান উৎস ছিল কৃষি। নদী–নালা–খাল–বিলের দেশ এই বাংলার মূল ভূমি নদীর পলি দিয়ে গঠিত হওয়ায় বাংলার মাটি খুব উর্বর ছিল। এই মাটিতে খুব সহজে ফসল ফলানো যেত বলেই প্রাচীনকাল থেকেই বাংলার অর্থনীতির ভিত্তি হয়ে ওঠে কৃষি।

**প্রশ্ন ॥ ৩ ॥ প্রাচীন বাংলার কৃষি অর্থনীতি কীভাবে বাংলার খ্যাতি এনে দিয়েছিল?**

**উত্তর :** প্রাচীন বাংলার অর্থনীতির প্রধান উৎস ছিল কৃষি। তখন ধান ছিল প্রধান ফসল। এছাড়া প্রচুর আখ উৎপাদন হতো। আখের রস দিয়ে তৈরি হতো গুড় ও চিনি। গুপ্ত যুগে আখ এবং আখের তৈরি গুড় ও চিনির জন্য বাংলার যথেষ্ট খ্যাতি ছিল। এছাড়া প্রাচীনকালে তুলা, সরিষা ও পান চাষের জন্যও বাংলার খ্যাতি ছিল।

**প্রশ্ন ॥ ৪ ॥ পাকিস্তান কেন আত্মসমর্পণ করতে বাধ্য হয়েছিল?**

**উত্তর :** পাকিস্তানিদের অন্যায়, অত্যাচার, বৈষম্য ও বঞ্চনার বিরবদ্ধে বাঙালি জনগণ ঐক্যবদ্ধভাবে অধিকার আদায়ে ঝাঁপিয়ে পড়ে। তাদের বীরত্ব ও ত্যাগের কাছে তিরানব্বই হাজার পাকিস্তানি সৈন্য আত্মসমর্পণ করতে বাধ্য হয়।